ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার


নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



সেদিন গুলির শব্দে জেগে উঠেছিলেন সালমান খান

পৃঃ ৫



কোহলির ওপর আস্থা রাখতে বললেন গাভাস্কার

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৬৬ ● কলকাতা ● ০৪ আষাঢ়, ১৪৩১ ● বুধবার ● ১৯ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

# রাজ্যে এসেছে বিজেপির কেন্দ্রীয় প্রতিনিধি দল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যে এসেছে বিজেপির কেন্দ্রীয় প্রতিনিধি দল। রয়েছেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব, সাংসদ রবিশঙ্কর প্রসাদরা। সোমবার উত্তরবঙ্গে ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের দেখা করার পর মঙ্গলবার দক্ষিণবঙ্গের একাধিক জায়গায় ঘোরেন তাঁরা। যান সন্দেশখালিতে। ভোটের পর সন্দেশখালির একাধিক জায়গায় বিজেপি কর্মীদের ওপর হামলার অভিযোগ ওঠে। প্রসঙ্গত, বসিরহাট লোকসভা কেন্দ্রের হাজি নুরুল ইসলামের হাত ধরে জয় ছিনিয়ে নিয়েছে তৃণমূল। কিন্তু এই লোকসভার সন্দেশখালি বিধানসভাতে লিড দিয়েছেন রেখা পাত্রই। গত জানুয়ারি মাস থেকে তপ্ত থেকেছে সন্দেশখালি। জাতীয় রাজনীতির কেন্দ্রবিন্দু হয়ে ওঠে। তপ্ত পরিস্থিতি বাচ্চা কোলে নিয়ে সংবাদমাধ্যমের সামনে শিবু হাজরা, শেখ শাহজাহানদের বিরুদ্ধে মুখ খুলেছিলেন রেখা পাত্র। তাঁর দায়ের করা এফআইআর-এর ভিত্তিতে গ্রেফতার হন শিবু। আন্দোলনের মুখ রেখা পাত্রই বিজেপির বাজি ছিল। সন্দেশখালিতে লিডও পায় বিজেপি। এবার রেখা পাত্রকে নিয়ে বড় কথা বলে গেলেন বিজেপির কেন্দ্রীয় টিম।বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রেখা পাত্রকে সঙ্গে নিয়েই হিংসা কবলিত এলাকায় ঘোরেন তাঁরা। লোকসভা নির্বাচনের ফল ঘোষণার দিন থেকেই সন্দেশখালির বামনগিরি এলাকায় ভোট পরবর্তী হিংসার অভিযোগ উঠছে। আক্রান্তদের সঙ্গে কথা বলেন প্রতিনিধি দলের সদস্যরা। উত্তরপ্রদেশের প্রাক্তন ডিজিপি রেখা পাত্রকে 'সন্দেশখালির বাঘিনী' বলে উল্লেখ করেন। তিনি বলেন, "রেখা যেভাবে লড়াই করেছে, তা বলার মতো। আমি বলে রাখছি, এই মেয়ে অনেক দূর যাবে। আর আমি এখানে বলে যাচ্ছি, এই মহিলা সন্দেশখালির বাঘিনী।" তিনি বলেন, "আমি এই নিয়ে পাঁচ বার বাংলায় এসেছি। এই সন্দেশখালিতে কেবলই অত্যাচার। আমি উর্দি পরেছি। কিন্তু এখানে পুলিশ

এরপর ৩ পাতায়

## এস.এস.কে. এম সহ
## কলকাতার বিভিন্ন জায়গায় বোমাতঙ্ক




**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন :** মঙ্গলবার দুপুরে এসএসকেএম হাসপাতালে বোমার হুমকি ইমেল আসে। হুমকি ইমেল পাওয়া মাত্রই সঙ্গে সঙ্গে হাসপাতাল কর্তৃপক্ষ কলকাতা পুলিশকে জানান । সঙ্গে সঙ্গে বোম স্কোয়াড পৌঁছে যায় হাসপাতালে শুরু হয় তল্লাশি। অন্যদিকে এই হুমকি ইমেল কে বা কারা পাঠিয়েছে তদন্ত শুরু করেছে লালবাজার পুলিশ। তাৎপর্যপূর্ণভাবে অন্যদিকে মঙ্গলবার দুপুরে রাজস্থানের জয় পুরের একটি বেসরকারি কলেজে একই প্রেরকের থেকে বোমার হুমকি মেল যায়। একই সঙ্গে শহরের আরো বিভিন্ন জায়গায় বোমার হুমকি মেল যায় বলে অভিযোগ আসছে।

এসএসকেএম সূত্রে জানা গিয়েছে, ইমেলের মাধ্যমে এই হুমকিতে লেখা ছিল বোমা মেরে উড়িয়ে দেওয়া হবে অ্যাকাডেমিক বিল্ডিং। আর তাতেই ছড়িয়ে পড়ে আতঙ্ক। বর্তমানে ঘটনাস্থলে হাজির হয়েছে বম্ব স্কোয়াড। তবে

এরপর ৩ পাতায়

# ভোট পরবর্তী হিংসা ৫৬০টি অভিযোগের মধ্যে
# ৩১৫টি অভিযোগ হয় ভুয়ো না হয় ভিত্তিহীন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের পরে পরেউই বঙ্গ বিজেপির একাংশ সরব হয়েছিলেন ভোট পরবর্তী হিংসা নিয়ে। এমনকি রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তা নিয়ে কলকাতা হাইকোর্টে মামলাও দায়ের করেন। পাশাপাশি এই একই বিষয়ে পৃথক মামলা দায়ের করে 'রাষ্ট্রবাদী আইনজীবী' নামে একটি সংগঠনও। কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে নতুন করে একটি উ-গধরষ খুলেছিলেন রাজ্য পুলিশের ডিজি। সেই উ-গধরষ মারফত যাবতীয় অভিযোগ জমা দিতে বলা হয়েছিল। দেখা যাচ্ছে, ৬ থেকে ১২ জুন সন্ধ্যা ৬টা পর্যন্ত ৫৬০টি অভিযোগ জমা পড়েছে ওই নতুন উ-গধরষ-এ। সেই সব অভিযোগের মধ্যে ১০৭টি ক্ষেত্রে ঋওজ দায়ের হয়েছে। ৯২টি অভিযোগ বিচার্য অপরাধ বলে মনে করা হয়নি। ১১৪টি অভিযোগের ক্ষেত্রে অনুসন্ধান করে সারবত্তা মেলেনি। ৮৮টি ক্ষেত্রে একই মামলায় ভুয়ো অভিযোগ দায়ের করা হয়েছে। ১৮টি অভিযোগ ভোট পরবর্তী সন্ত্রাসের সঙ্গে সম্পর্কযুক্তই নয়। ৩টি অভিযোগ অসম্পূর্ণ। ১৩৮টি ক্ষেত্রে খতিয়ে দেখা হচ্ছে অভিযোগ। অর্থাৎ ৫৬০টি অভিযোগের মধ্যে ৩১৫টি অভিযোগ হয় ভুয়ো নাহয়

এরপর ৩ পাতায়






# শেখ শাহজাহানের বিরুদ্ধে

## আরও একটি চার্জশিট পেশ করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শেখ শাহজাহানের বিরুদ্ধে আরও একটি চার্জশিট পেশ করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। এবার কেন্দ্রীয় সংস্থা জমি দখলের মামলার চার্জশিট পেশ করল। তাতেই সামনে এসেছে একাধিক চাঞ্চল্যকর তথ্য। সূত্রের খবর ইডির নতুন চার্জশিটি দাবি করা হয়েছে, ইটভাটার কারবারকে সামনে রেখেই জমি দখল করত।সূত্রের খবর শাহজাহান দেখিয়েছে তার ইটভাটা থেকে প্রচুর পরিমাণে ইট বিক্রি হত। তারজন্য ইটভাটা সংস্থার ভুয়ো নথিও তৈরি করে শাহজাহান। ইটভাটা সূত্র ধরেই ইডির অনুমান, ৬টি সনস্ট্রাকশন বা নির্মাণ সংস্থার মাধ্যমে টাকা পাচার করেছিল। এছাড়াও শাহজাহানের সঙ্গী শিবু হাজরা ও নিজের একাধিক নির্মাণ সংস্থার মাধ্যমে টেন্ডারের জন্য নাম নথিভুক্ত করেছিল। তবে সবকটি সংস্থা ভুয়ো বলে অনুমান ইডির। শিবু হাজরার একটি সংস্থাই রাস্তা, সেতু, ঘাট নির্মাণ বা পঞ্চায়েতের কাজের জন্য টেন্ডার পেতেন। সেই টাকা কোথায় খরচ হয়েছে তাও খতিয়ে দেখছে ইডি।সেখান থেকে বেআইনিভাবে রোজগার হয়েছিল কোটি কোটি টাকা । ভুয়ো কনস্ট্রাকশন বা নির্মাণ সংস্থাও তৈরি করেছিল। কয়েকটি ভুয়ো কনস্ট্রাকটশন সংস্থার নাম ইডি পেশ করেছে চার্জশিটেও।

ইডি সূত্রের খবর মাছ আর চিংড়ির কারবারকে সামনে রেখেই প্রচুর জমি দখল করেছিল। টাকা পাচার করত। বেআইনি কয়লার কারবার করেও ফুলেফেঁপে উঠেছিল। এবার তদন্তে সামনে এসেছে শাহজাহানের নতুন কারসাজি। সূত্রের খবর ইডির নতুন

এরপর ৩ পাতায়

# জমি বিবাদে খুন জিবনতলায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কাগজের সম্পাদক ও সাংবাদিকতার ফলে নিউজ সারাদিনের সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের উপরে দুষ্কৃতিদের পরিকল্পনা বরাবরই ছিল জমি জায়গা কেড়ে নেব ও তাকে মেরে দেবে। সে কারণেই নিরাপত্তার অভাব বোধ করছিল তার পরিবার , প্রশাসনকে বহুবার দরবার করে। তার পরিবার জানতেই পারে যে জমির সমস্যায় যে কেউ খুন হতে পারে পরিবারের। সে কারণে একাধিকবার পুলিশ প্রশাসনকে জানিয়েছিল। তবে তেমনই বড় কোন দুর্ঘটনা না ঘুরলেও, এখনো পর্যন্ত ভয় ভয় থাকে তার পরিবার। কারণ জমি বিবাদ আজও মেটেনি। পুলিশি নিরাপত্তা চেয়েও পাইনি, আর তার মাঝে জীবন্তলায় জমিতে এক অন্যরকম ঘটনা ঘটলো অন্য পরিবারের সাথে। এই থানা এলাকায় জমি বিবাদে খুন হলো একজন। জমির সমস্যার কারণে খুন হতে হয় এটা নতুন কিছু না।ঈদ উপলক্ষে ছিল ছুটি। উৎসব পালনে ব্যস্ত ছিলেন প্রায় সকলেই। এর মধ্যেই ঘটে গেল অঘটন। দক্ষিণ ২৪ পরগনার অন্তর্গত জীবনতলায় খুন হলেন ব্যক্তি। দুই পরিবারের মধ্যে বিবাদের জেরে এক ব্যক্তিকে রড দিয়ে পিটিয়ে খুনের অভিযোগ। পরিবারের দাবি, ফিশারির আল নিয়ে গন্ডগোলের জেরে পিটিয়ে খুন করা হয়েছে ওই ব্যক্তিকে।উল্লেখ্য, এর আগে এই জীবনতলাতেই এক তৃণমূল কর্মীকে মাদক খাইয়ে খুনের অভিযোগ উঠেছিল। মৃতের নাম রবীন্দ্রনাথ মণ্ডল। তিনি স্থানীয় ২১৮ নম্বর বুথের তৃণমূলের সম্পাদক ছিলেন। পরিবারের দাবি ছিল, টাকা-পয়সা সংক্রান্ত বিবাদের জেরেই খুন করা হয়েছে তাঁকে। সেই সময়ও ঘটনাস্থলে পৌঁছেছিলেন শওকত মোল্লা। পরিবারের পাশে থাকার বার্তা দিয়েছিলেন তিনি। ১৩ তারিখের ঘটনার পর এক সপ্তাহ গেল না ফের খুনের অভিযোগ উঠল ওই এলাকা থেকে।এলাকায় ব্যাপক উত্তেজনা। ধরিয়ে দেওয়া হল আগুন। খবর পেয়েই সেখানে পৌঁছলেন ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লা।

পুলিশ সূত্রে খবর, মৃতের নাম আবদার পিয়াদার (৩৯)। অপরদিকে, এই মৃত্যুর পিছনে নাম জড়িয়েছে আবুল মাজেদ লস্করের। অভিযোগ, আবদারের সঙ্গে লস্করের দীর্ঘদিন জমি নিয়ে বিবাদ। গতকাল ঈদের দিনে সেই বিবাদ পৌঁছয় চরমে। আবদারকে রড দিয়ে পিটিয়ে খুনের অভিযোগ ওঠে লস্করের বিরুদ্ধে। এরপরই মৃতের পরিবার ও প্রতিবেশীরা লস্করদের বাড়িতে চড়াও হয়ে

এরপর ৩ পাতায়

# মদনমোহন বাড়িতে

# পুজো দিলেন মমতা



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** দু'দিনের কোচবিহার সফরে এসে মদনমোহন বাড়িতে পুজো দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার তিনি প্রথমে মদনমোহন এরপর সেখানেই থাকা মা কালী ও জয় তারা মন্দিরে পুজো দেন। পুজো শেষে মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন, মা-মাটি-মানুষ গোত্রে তিনি পুজো দিয়েছেন। পাশাপাশি উত্তরবঙ্গের মধ্যে একমাত্র কোচবিহার লোকসভা কেন্দ্রে তৃণমূলের জয়ের জন্য কোচবিহারবাসিকে ধন্যবাদ জানান তিনি। সোমবার রাতে কোচবিহারে আসেন মুখ্যমন্ত্রী। সার্কিট হাউসে রাত্রীবাস করেন তিনি। মঙ্গলবার তিনি মদনমোহন বাড়িতে আসেন। সেজন্য মন্দির চত্বরে কঠোর পুলিশ নিরাপত্তায় মুড়ে ফেলা হয়। মমতাকে দেখতে প্রচুর মানুষও মন্দিরের সামনে ভিড় করেন।

# দুর্ঘটনার স্মৃতিকে পেছনে ফেলে

# ফের ট্রেন ছুটল রাঙাপানি দিয়ে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সোমবার ভয়াবহ দুর্ঘটনার পর প্রথম ট্রেন চলল রাঙাপানি এলাকা দিয়ে। ডাউন লাইনে মঙ্গলবার সকালে কামাখ্যা-গান্ধিধাম এক্সপ্রেস ট্রেনটি চলাচল করে সফলভাবে। সোমবার শিলিগুড়ির ফাঁসিদেওয়ার কাছে নিজবাড়িতে দুর্ঘটনার কবলে পড়ে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস। মালগাড়ির ধাক্কায় শিয়ালদাগামী কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের পিছনের তিনটি বগি লাইনচ্যুত হওয়ায় কমপক্ষে ১৫ জনের মৃত্যু হয়েছে। প্রায় ৬০ জন আহত। তাঁদের মধ্যে কয়েকজনের চোট গুরুতর। একই লাইনে দুটি ট্রেন কীভাবে চলে এল, তার তদন্তের যেমন দাবি উঠেছে, পাশাপাশি কবচ সিস্টেম ও কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের মতো ট্রেনগুলিতে এলএইচবি কোচের দাবিও উঠেছে।

# তৃণমূল নেতার পা ছুঁয়ে প্রণাম করতে

# দেখা গেল সৌমিত্র খাঁকে



**বিষ্ণুপুর: নিউজ সারাদিন :** ভোটে জয়লাভের পরই অভিষেক বন্দ্যোপাধ্যায়ের স্ট্র্যাটেজির প্রশংসা করেছিলেন সৌমিত্র। সবাই চমকে গিয়েছিল বিষ্ণুপুরের বিজেপি সাংসদ সৌমিত্র খাঁর কথায়। জল্পনা তৈরি হয়েছিল, এবার কি দলের মধ্যেই বেসুরো সৌমিত্র? কিন্তু সে সম্ভাবনা নিজেই নাকচ করে দেন তিনি। কিন্তু আবারও একবার জল্পনার কেন্দ্রে তাঁর নাম।সোমবার রতনপুরে সাংসদ উন্নয়ন তহবিল সংক্রান্ত কাজে যান সৌমিত্র খাঁ। ফেরার সময় রাস্তায় তৃণমূলের দাপুটে নেতা ভবতারণ চক্রবর্তীর সঙ্গে দেখা হতেই প্রকাশ্যে তাঁর পা ছুঁয়ে প্রণাম করেন সৌমিত্র। করেন কুশল বিনিময়ও। আর এতেই সৌমিত্রর দল বদল নিয়ে তৈরী হওয়া জল্পনা নতুন করে অক্সিজেন পেয়েছে। যদিও সৌমিত্র খাঁ নিজে এই ঘটনাকে নিছকই সৌজন্য বলে দাবি করেছেন। তৃণমূল নেতা ভবতারণ চক্রবর্তীও বিষয়টিকে নেহাতই সৌজন্য বলেই দাবি করেছেন।

তবে সৌমিত্রর একের পর এক মন্তব্য, বাংলা থেকে কাউকে পূর্ণমন্ত্রী না করা নিয়ে উষ্মাপ্রকাশ, অভিষেকের প্রশংসা, ইত্যাদি জল্পনাকে থামতেই বা দিচ্ছে কই ? এবার রাস্তায় এক প্রভাবশালী তৃণমূল নেতার পা ছুঁয়ে প্রণাম করতে দেখা গেল সৌমিত্র খাঁকে । এটা কী নতুন কিছু সূচনার ইঙ্গিত? রাজনৈতিক মহলে উস্কে দিয়েছে জল্পনা।

সৌমিত্র খাঁ ২০১১ সালে কংগ্রেসের টিকিটে কোতুলপুর বিধানসভা থেকে জয়লাভ করে বিধায়ক হন। দু'বছর যেতে না যেতেই ২০১৩ সালে যোগ দেন তৃণমূলে। বিধায়ক হিসাবে মেয়াদ শেষের আগেই ২০১৪ সালে তৃণমূলের টিকিটে জিতে বিষ্ণুপুরের সাংসদ হন তিনি। সেবারও মেয়াদ শেষের আগেই দলবদল করেন সৌমিত্র। ২০১৯ এর লোকসভা নির্বাচনের ঠিক আগে দলবদল করে বিজেপির প্রার্থী হন তিনি। ২০১৯ এ বিজেপির টিকিটে জয়ী হয়ে দ্বিতীয় বারের জন্য বিষ্ণুপুরের সাংসদ হন সৌমিত্র খাঁ। ২০২৪ এর লোকসভা নির্বাচনেও নিজের প্রাক্তন স্ত্রী তথা তৃণমূল প্রার্থী সুজাতা মণ্ডলের বিরুদ্ধে হাড্ডাহাড্ডি লড়াই শেষে তৃতীয় বারের জন্য বিষ্ণুপুরের সাংসদ নির্বাচিত হন তিনি। নির্বাচনে জয়লাভের পরই তৃনমূলের সেকেন্ড ইন কমান্ডের গাল-ভরা প্রশংসা শোনা গিয়েছিল সৌমিত্র খাঁর গলায়।রাজ্য বিজেপির নেতৃত্বের বিরুদ্ধেও মুখ খুলে ছিলে তিনি। সৌমিত্র খাঁর মুখে শোনা যায় একের পর এক বিস্ফোরক অভিযোগ। এমনকী দলের কারও কারও সঙ্গে তৃণমূলের সেটিংয়ের অভিযোগও তোলেন তিনি। সেই মন্তব্যের পর রাজনৈতিক মহলে সৌমিত্র খাঁর ফের শিবির বদলের জল্পনা শুরু হয়। সেই জল্পনাকেই ফের একবার অক্সিজেন জোগাল তৃণমূল নেতাকে প্রকাশ্যে প্রণামের ঘটনা।

# মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টার প্রধানমন্ত্রী

## শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ মার্কিন নিরাপত্তা উপদেষ্টা আইসিইটি সহ বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধি প্রসঙ্গে প্রধানমন্ত্রীকে অবগত করেছেন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী জেক সুলিভান আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেন। তিনি গুরুত্বপূর্ণ অত্যাধুনিক প্রযুক্তি বা আইসিইটি (ইনিশিয়েটিভ অন ক্রিটিকাল অ্যান্ড ইমার্জিং টেকনোলজিস্) - তে নতুন নতুন উদ্যোগ সহ বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধি প্রসঙ্গে প্রধানমন্ত্রীকে অবগত করেছেন। সেমিকন্ডাক্টর, কৃত্রিম মেধা, টেলিযোগাযোগ, প্রতিরক্ষা, বিরল মৃত্তিকার মতো গুরুত্বপূর্ণ খনিজ উপাদান, মহাকাশের মতো বিষয়গুলি এই আলোচনায় স্থান পেয়েছে। ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে ক্রমবর্ধমান দ্বিপাক্ষিক অংশীদারিত্ব প্রসঙ্গে সন্তোষ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী। পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন ক্ষেত্রে দুটি দেশ সম দৃষ্টিভঙ্গী পোষণ করে। শ্রী মোদী সদ্য অনুষ্ঠিত জি-৭ শীর্ষ সম্মেলনে রাষ্ট্রপতি বাইডেনের সঙ্গে তাঁর ইতিবাচক মতবিনিময়ের প্রসঙ্গটি উল্লেখ করেন । তিনি তৃতীয়বার দায়িত্ব গ্রহণের পর কৌশলগত অংশীদারিত্বকে নতুন উচ্চতায় পৌঁছে দিতে তাঁর অঙ্গীকারের কথা পুনর্ব্যক্ত করেছেন।






ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ১৬৬ সংখ্যা ১৯ জুন, ২০২৪ বুধবার ০৪ আষাঢ়, ১৪৩১

৩ পাতার পর

## কিমের দেশে যেখানে থাকবেন পুতিন

আন্তর্জাতিক গণমাধ্যমের খবর বলছে, উত্তর কোরিয়ার রাজধানী পিয়ংইয়ংয়ে কুমসুসান গেস্টহাউসে উঠবেন পুতিন। পুরো সফরেই রাশিয়ার প্রেসিডেন্টের আবাসস্থল এই গেস্টহাউস।

২০১৯ সালে রাষ্ট্রীয় সফরে কিমের দেশে গিয়েছিলেন চীনের প্রেসিডেন্ট শি জিন পিং। তিনিও থেকেছিলেন কুমসুসানে।

দুই দিনের রাষ্ট্রীয় সফরে আজ মঙ্গলবার উত্তর কোরিয়ায় যাচ্ছেন পুতিন। এসময় কিম জং উনের সাথে দ্বিপাক্ষিক স্বার্থগত নানা বিষয়ে আলাপ করবেন কিম, কয়েকটি চুক্তিও হতে পারে।

পুতিন সর্বশেষ উত্তর কোরিয়া সফরে গিয়েছিলেন ২০০০ সালের জুলাইয়ে। গত বছরের সেপ্টেম্বর রাশিয়ার দূরপ্রাচ্য সফরে গিয়েছিলেন কিম জং-উন। তখন তিনি পুতিনকে পিয়ংইয়ংয়ে আমন্ত্রণ জানান। সেই দাওয়াতে সাড়া দিয়েই দেশটি সফর করছেন পুতিন। উত্তর কোরিয়া সফর শেষে আগামী বৃহস্পতি ও শুক্রবার (১৯ ও ২০ জুন) ভিয়েতনাম সফরে যাবেন পুতিন।

৩ পাতার পর

## গাজায় যুদ্ধবিরতি হলে লেবানন-ইসরায়েল সীমান্তও শান্ত হবে : মার্কিন দূত

এবং উত্তর ইসরায়েলে ফিরে আসার অনুমতি দিতে পারে। গত বছরের ৭ অক্টোবর গাজায় ইসরায়েলের হামলা শুরুর পর থেকে দেশটির উত্তরাঞ্চলে কয়েক হাজার ড্রোন, ক্ষেপণাস্ত্র ও রকেট হামলা চালিয়েছে হিজবুল্লাহ। জবাবে ইসরায়েলও লেবাননে হিজবুল্লাহর অবস্থান লক্ষ্য করে ব্যাপক হামলা চালিয়েছে। গাজা যুদ্ধের জেরে সময় সময় হিজবুল্লাহ ও ইসরায়েলের মধ্যে পাল্টাপাল্টি হামলার ঘটনা ক্রমবর্ধমানভাবে বাড়ছে। উভয় পক্ষ বলছে, তারা যুদ্ধের জন্য প্রস্তুত।

## সম্পাদকীয়

### ইডি-সিবিআই নির্ভরতা বেড়েছিল বলেই দলকে ডুবেছে তথ্য উঠে আসে

লোকসভা নির্বাচনে বিজেপির এমন ভরাডুবি কেন? এই প্রশ্ন ওঠে বিজেপির পর্যালোচনা বৈঠকে। সেখানে নিচুতলায় সংগঠনের দুর্বলতা থেকে শুরু করে গোষ্ঠীদ্বন্দ্ব এবং নেতা-কর্মীদের মধ্যে ইডি-সিবিআই নির্ভরতা বেড়েছিল বলেই দলকে ডুবেছে তথ্য উঠে আসে। আর সেটা কার্যত স্বীকার করে নিলেন বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ।আবার সংসদে মহিলাদের জন্য ৩৩ শতাংশ সংরক্ষণের কথা বলা হলেও বঙ্গ বিজেপি মহিলাদের প্রার্থী করছে বলে ক্ষোভ প্রকাশ করেন এক মহিলা নেত্রী। যেখানে তৃণমূল কংগ্রেসের ১২ জন মহিলা সাংসদ দিল্লি গেলেন জিতে। এই উদাহরণও তুলে ধরা হয়। দলবদলুদের টিকিট দেওয়া নিয়েও ক্ষোভ দেখা যায় বৈঠকে। একাধিক জায়গায় দলের প্রার্থীর সঙ্গে জেলা সভাপতিদের সুসম্পর্ক নেই বলে বৈঠকে উঠে এসেছে। সুকান্ত মজুমদার বৈঠকে জানান, ২০৫টি বিধানসভায় ৪০ শতাংশ ভোট পেয়েছে বিজেপি। ৯০টি বিধানসভায় জিতেছে। ভোট বেড়েছে ১ শতাংশ। বিজেপি একক শক্তি হিসেবে উঠে আসছে বাংলায়। তাহলে কেন ৬টা আসন কমে গেল? এই প্রশ্নের উত্তর তিনি জানতে চেয়েছেন নেতাদের থেকে বলে সূত্রের খবর ।দলীয় সূত্রে খবর, সোমবার সল্টলেকের পার্টি অফিসে রুদ্ধদ্বার বৈঠক হয়। সেখানে রাজ্য ও জেলা নেতাদের উদ্দেশে সুকান্ত মজুমদারের উল্লেখযোগ্য মন্তব্য, 'ইডি-সিবিআইয়ের উপর ভরসা করলে চলবে না। শুধু দিল্লির মুখাপেক্ষী হয়ে থাকবেন না। আত্মনির্ভর হন। বুথকে শক্তিশালী করতে পারলে তবেই তৃণমূল কংগ্রেসের মোকাবিলা করা যাবে।'

আজ যেটা রাজ্য সভাপতি নির্দেশ দিচ্ছেন আগে সেটা নিয়ে বিজেপির অন্দরে চর্চা শুরু হয়েছিল। কিন্তু তখন তাতে কেউ গুরুত্ব দেননি বলে কয়েকজন আদি নেতাদের দাবি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও এই কেন্দ্রীয় এজেন্সিগুলিকে বড় হাতিয়ার মনে করে এগিয়েছিল বলে অভিযোগ। বিজেপি ইডি-সিবিআইকে রাজনৈতিকভাবে ব্যবহার করছে বলে অভিযোগ একাধিকবার তোলে তৃণমূল কংগ্রেস এবং দেশের তামাম বিরোধী দলগুলি। এবার দলের পর্যালোচনা বৈঠকে কেন্দ্রীয় এজেন্সির নির্ভরতার কথা কার্যত স্বীকার করে নিলেন বিজেপির বালুরঘাটের সাংসদ ।এই বৈঠকে অনেক নেতা আবার সুকান্ত মজুমদারের প্রশংসা করেছেন। কারণ তিনি সঠিক কথা বলছেন বলে তাঁদের দাবি। ইডি-সিবিআই দিয়ে সংগঠন বাড়বে না এটা সঠিক কথাই। ইডি-সিবিআইকে যেভাবে হাতিয়ার করা হয়েছে সেটা বাংলার মানুষ ভালভাবে নেয়নি এতদিন পর পর্যালোচনায় উঠে এল বলে সূত্রের খবর। সোমবার এই বৈঠকে অনুপস্থিত ছিলেন বিরোধী দলনেতা। তবে ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক অমিতাভ চক্রবর্তী, সতীশ ধন্দ, রাজ্যের শীর্ষ নেতারা, জোন ও জেলা ইনচার্জ-সহ একাধিক মোর্চার সভাপতি। এখানেই উঠে আসে বুথের বেহাল দশা। এমনকী ভুল রিপোর্ট পাঠানো হয়েছে দিল্লির নেতাদের। জয়ী সাংসদ জগন্নাথ সরকার ক্ষোভ প্রকাশ করে অভিযোগ তোলেন, রানাঘাটে পার্টির সংগঠন তাঁর বিরুদ্ধে ছিল, সূত্রের খবর মিলেছে।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সীতাকুন্ডু থেকে বাবা লোকনাথ চলে আসেন দাউদকান্দি। এখানেই পরিচয় হয় বারদী নিবাসী-ডেঙ্গু কর্মকারের সাথে। তিনি জোর করা বাবাকে নিয়ে আসেন বারদী।বাবা লোকনাথ বলেছিলেন, "ডেঙ্গু তুই আমাকে নিয়ে যেতে চাইছিস, আমি তোর সাথে যেতে প্রস্তুত, কিন্তু এই লেংটা পাগলাকে তুই কিভাবে ঘরে রাখবি। লোকে তোকে ছি ছি করবে। সহ্য করতে পারবি। ভেবে দেখ ?"। ডেঙ্গু উত্তরে বলেছিলেন; "আমি কিছু বুঝি না, আপনাকে আমার সাথে যেতে হবে। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ন্যায় কর্মফল দাতা শনি দেব



মৃত্যুঞ্জয় সরদার
(দ্বিতীয় পর্ব)



কাজ!আজকের যুগে আমরা কোন জাতি এই কথাগুলো মেনে নিতে বাধ্য নয়, তাই এত অরাজকতা!আর এই অরাজকতার মূলে আমার আপনার মত কিছু ব্যক্তি যুক্ত। আর সেই কারণেই মানব জাতির সঙ্গে দেবতা কুলের মধ্যে ভীষণ ফারাক রয়ে গেছে, মানব জাতির সঠিক কর্ম দেবতার রূপ নেয়। কর্মই হচ্ছে মূল ধর্ম এ কথাটি মেনে চলা উচিত, কর্ম যদি খারাপ হয়েছে শনি তাকে ছেড়ে কথা বলে না। কর্মফল দাতা শনি দেব কে নিয়ে বহু বিতর্ক রয়েছে জ্যোতিষ বিজ্ঞান বলছে শনি একটি গ্রহ ,আর আমাদের সনাতন ধর্মের মানুষ শনিদেবকে সবার বড় ঠাকুর জানে। শনি যেমন একটি গ্রহ অন্যদিকে শনি দেব একজন ঈশ্বর ইতিহাস আমাদের অনেকেরই জানা। তবে আমরা নবগ্রহের একটি গ্রহ শনি, না শনিদেব কে ভয় পায় ।শনি শব্দটির মধ্যে ভয়-ভীতি ও শ্রদ্ধা সবকিছু যেন লুকিয়ে রয়েছে আর মানুষ সেটাকে প্রাচীনকাল থেকেই মেনে এসেছে।আর এসব উত্তর খুঁজে পেতে বহু

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# বকরি ইদে গরু কুরবানি দেওয়া হয়েছে, মুসলিম সম্প্রদায়ের বিরুদ্ধে

## এমনই অভিযোগ তুলে ভয়াবহ হিংসায় উত্তাল হয়ে উঠল ওড়িশার বালেশ্বর

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বকরি ইদে গরু কুরবানি দেওয়া হয়েছে, মুসলিম সম্প্রদায়ের বিরুদ্ধে এমনই অভিযোগ তুলে ভয়াবহ হিংসায় উত্তাল হয়ে উঠল ওড়িশার বালেশ্বর। পরিস্থিতি এতটাই গুরুতর আকার নিয়েছে যে ওই এলাকায় ইন্টারনেট পরিষেবা বন্ধ করার পাশাপাশি কার্ফু জারি করেছে প্রশাসন। মোতায়েন করা হয়েছে বিশাল সংখ্যক পুলিশ বাহিনী ।উল্লেখ্য, বিজেডির নবীন সরকারের পতনের পর সম্প্রতি বিজেপি সরকার গঠিত হয়েছে ওড়িশায়। রাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন মোহন মাঝি। তার পরই এই হিংসার ঘটনায় উদ্বেগ বাড়ছে। সাধারণ মানুষের কাছে শান্তি বজায় রাখার আবেদন জানিয়ে নয়া সরকার। এই ঘটনার পর এলাকাবাসীকে শান্তি বজায় রাখার আবেদন জানিয়েছেন বালেশ্বরের বিজেপি সাংসদ প্রতাপ সারেঙ্গি ও বিধায়ক মানস কুমার দত্ত।পুলিশ সূত্রে জানা গিয়েছে, বালেশ্বরের পাত্রপাড়া এলাকায় হিন্দু ও মুসলিম সম্প্রদায়ের সংখ্যা প্রায় সমান সমান। সোমবার এই এলাকায় হিন্দু সম্প্রয়াদের স্থানীয় কয়েকজন দেখেন রক্তে লাল হয়ে গিয়েছে এলাকার নিকাশি নালা। যা দেখে সন্দেহ হয় তাঁদের। বকরি ইদে এলাকায় গোহত্যা হয়েছে সন্দেহ করেন হিন্দুরা। এলাকার কয়েকজন মুসলিম পরিবারের বিরুদ্ধে অভিযোগ তুলে চড়াও হয় তারা। মুহূর্তের মধ্যে উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি। একে অপরকে লক্ষ্য করে পাথর ছোড়ে দুই সম্প্রদায়। পুলিশ পরিস্থিতি সামাল দিতে এলে হিংসা আরও ভয়াবহ আকার নেই। জানা গিয়েছে, এই হিংসায় ১৫ জন আহত হয়েছেন যাঁদের মধ্যে রয়েছেন ৫ পুলিশকর্মীও। পরিস্থিতি সামাল দিতে জেলা প্রশাসনের তরফে ১৪৪ ধারা জারি করা হয় এলাকায় ।তবে তাতে কাজ হয়নি। সোমবার রাতে পরিস্থিতি আরও গুরুতর আকার নেয়। ইট, পাথর, কাঁচের বোতল নিয়ে দুই সম্প্রদায়ের লোক হামলা চালায় একে অপরের বাড়িতে। হিংসা ছড়িয়ে পড়ে গোলাপোখারি, মোতিগঞ্জ ও সিনেমাচক এলাকায়। এই সব জায়গায় একাধিক গাড়িতে আগুন ধরিয়ে দেওয়ার অভিযোগ ওঠে। আগুন ধরানো হয় একাধিক বাড়িতে। পরিস্থিতি সামাল দিতে শূন্যে গুলি ছুড়তে হয় পুলিশকে। বালেশ্বরের পুলিশ সুপার সাগরিকা নাথ বলেন, 'হিংসা যাতে না ছড়ায় তার জন্য বালেশ্বরের শহর এলাকায় আমরা কার্ফু জারি করেছি। গুজব ছড়ানো আটকাতে ইন্টারনেট পরিষেবাও বন্ধ করা হয়েছে। কেউ যাতে বাড়ির না বের না হন তার জন্য মাইকিং করা হচ্ছে গোটা এলাকায়।' হিংসা ছড়ানোর ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হচ্ছে বলেও জানান পুলিশ সুপার।

# শীর্ষপদ নিয়ে সিদ্ধান্ত ছাড়াই শেষ ইইউ শীর্ষ সম্মেলন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আগামী পাঁচ বছরের জন্য জোটের শীর্ষ পদগুলোতে কারা থাকবেন, এ নিয়ে কোনো চুক্তি ছাড়াই ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রগুলোর প্রধানদের আলোচনা শেষ হয়েছে।

এ নিয়ে আগামী সপ্তাহে আরেকটি শীর্ষ সম্মেলনে আলোচনা করার সিদ্ধান্ত হয়েছে। ইউরোপীয় পার্লামেন্ট নির্বাচনে মধ্য-ডান ও ডানপন্থি জাতীয়তাবাদীদের উত্থানের পর এই বৈঠকটি ছিল প্রথম। নির্বাচনে ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল মাক্রোঁ এবং জার্মান চ্যান্সেলর ওলাফ শলৎসের দলের ভরাডুবি হয়েছে।

সোমবার ব্রাসেলসে নৈশভোজে ইউরোপীয় ইউনিয়নের ২৭টি দেশের রাষ্ট্র ও সরকার প্রধানেরা আলোচনা করেছেন। ইউরোপীয় কমিশনের নির্বাহী সংস্থা পরিচালনার দায়িত্ব, ইউরোপীয় কাউন্সিলের সভাপতিত্ব এবং পররাষ্ট্র প্রধানের দায়িত্ব কাকে দেয়া উচিত, এটিই ছিল আলোচনার মূল বিষয়।

ধারণা করা হচ্ছিলো এই বৈঠকে ইউরোপীয় কমিশনের প্রধান হিসেবে দ্বিতীয় মেয়াদে জার্মানির উরসুলা ফন ডেয়ার লাইয়েন, কাউন্সিলের সভাপতি হিসেবে সাবেক পর্তুগিজ প্রধানমন্ত্রী আন্তোনিও কস্তা এবং শীর্ষ কূটনীতিক হিসেবে এস্তোনিয়ার প্রধানমন্ত্রী কায়া কালাসকে মনোনীত করা হবে।

তবে নৈশভোজের পর ইউরোপীয় কাউন্সিলের বর্তমান সভাপতি চার্লস মিশেল জানিয়েছেন, এই সিদ্ধান্ত নিতে তাদের আরও সময় প্রয়োজন। সাংবাদিকদের তিনি বলেন, 'এটি একটি ভালো আলোচনা ছিল, (আলোচনা) সঠিক পথেই আছে বলে আমি মনে করি। কিন্তু আজ রাতে কোনো চুক্তি হয়নি।'

মিশেল জানিয়েছেন, ইউরোপের বিভিন্ন রাজনৈতিক দল এই পদগুলো নিয়ে প্রস্তাব দিয়েছে এবং চুক্তিতে পৌঁছানোর জন্য আরও কাজ করতে হবে। প্রস্তাবিত নাম নিয়ে বিস্তারিত জানাননি মিশেল।

ইইউ নির্বাচন কী?

ফন ডেয়ার লাইয়েন আবারও ইউরোপীয় কমিশনের সভাপতি হওয়ার দৌড়ে এগিয়ে রয়েছেন। তার মধ্য-ডান ইউরোপীয় পিপলস পার্টি-ইপিপি জুনের নির্বাচনে সবচেয়ে বড় দল হিসেবে নিজেদের অবস্থান ধরে রেখেছে।

২৭টি দেশের সরকার ও রাষ্ট্রপ্রধানদের ১৩ জনই ইউরোপে ইপিপি'কে সমর্থন করা দলগুলো থেকে এসেছেন। ফ্রান্স এবং জার্মানির সমর্থন পাওয়ায় মনোনীত হওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা পেতে তার কোনো সমস্যা হবে না বলেই ধারণা করা হচ্ছে।

ফ্রান্স অবশ্য ফন ডেয়ার লাইয়েনের বিকল্প কাউকে বেছে নেয়ার কথা বিবেচনা করেছিল। কিন্তু ইউরোপের নির্বাচনে ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল মাক্রোঁর দল খারাপ ফল করায় ৩০ জুন মাক্রোঁর আগাম পার্লামেন্ট নির্বাচনের ঘোষণা দিয়েছেন। ফলে এই পরিস্থিতিতে তার সরকার ইইউ অস্থিতিশীল হয় এমন কোনো কিছু না করার সিদ্ধান্ত নিয়ে ফন ডেয়ার লেইয়েনকেই সমর্থন করেছে।

ভন ডেয়ার লাইয়েনের সঙ্গে প্রবীণ সমাজতন্ত্রী কস্তা এবং উদারপন্থি কালাস নিয়োগ পেলে ইউরোপের রাজনৈতিক এবং ভৌগলিক ভারসাম্য নিশ্চিত হবে বলে মনে করছেন অনেকে।

২৭ ও ২৮ জুন আয়োজিত হতে যাওয়া শীর্ষ সম্মেলনে এ নিয়ে আনুষ্ঠানিক সিদ্ধান্ত নেওয়ার কথা রয়েছে।



# সিনেমার খবর

## সেদিন গুলির শব্দে জেগে উঠেছিলেন সালমান খান




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত ১৪ এপ্রিল ভোরে মুম্বাইয়ের বান্দ্রায় সালমানের বাড়ির বাইরে দুজন অজ্ঞাতপরিচয় ব্যক্তি গুলি চালায়। এরপর হেলমেটের আড়ালে মুখ ঢেকে মোটরসাইকেলে করে ঘটনাস্থল থেকে পালিয়ে যায় তারা। গুলি চালানোর ঘটনায় এখন পর্যন্ত ছয়জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। দুই মাস হয়ে গেছে সালমান খানের বাড়ির সামনে গুলি চালানোর ঘটনার। তদন্তের সার্থে এবার জিজ্ঞাসাবাদ করা হয়েছে সালমান খান ও তার ভাই আরবাজ খানকে।

সালমান জানান, সেদিন আসলে কী ঘটেছিল সেই প্রসঙ্গে। সালমান বলেন, 'সেদিন বাড়িতেই ছিলেন তিনি। এক পার্টি শেষ করে ঘুমাতে দেরী হয়েছিল। ব্যালকনিতে বুলেটের আঘাতের শব্দে ঘুম ভাঙ্গে তার। তিনি ব্যালকনিতে যেয়ে বাইরে তাকিয়ে কাউকে দেখতে পাননি সেখানে।' বিবৃতিতে, সালমান খান বাড়িতে গুলি চালানোর ঘটনায় তার পরিবারের নিরাপত্তার জন্য উদ্বেগ প্রকাশ করেছেন বলেও জানা গিয়েছে।

এদিকে পুলিশকে দেওয়া বয়ানে আরবাজ বলেছেন, 'এর আগে কেউ একটা হুমকি চিরকুট রেখে গিয়েছিল, যা বাড়ির বাইরে পাওয়া গিয়েছিল এবং বিষ্ণোই গ্যাংয়ের সদস্যরা পানভেলের ফার্মহাউসে রেকি করেছিল। এটি (গুলিবর্ষণ) তৃতীয় ঘটনা এবং পুলিশের এটিকে গুরুত্ব সহকারে নেওয়া উচিত।'

মুম্বাই পুলিশের এক উচ্চপদস্থ কর্মকর্তার মতে, সালমান এবং তার পরিবারের সদস্যরা বান্দ্রা ওয়েস্টের গ্যালাক্সি অ্যাপার্টমেন্টে ছিলেন, যখন বন্দুকবাজরা পাঁচ থেকে ছয় রাউন্ড গুলি চালায়। সালমান পুলিশকে জানিয়েছেন, গুলির শব্দ শুনে তিনি জেগে উঠেছিলেন। কী হচ্ছে দেখার জন্য গ্যালারিতে গিয়ে দেখেন বাইরে কেউ নেই।

কিছুক্ষণ পর ভবনে নিয়োজিত নিরাপত্তারক্ষীরা তার বাড়ির কাছে যান এবং বাইরে ঘটে যাওয়া ঘটনা সম্পর্কে তাকে অবহিত করেন। অভিনেতা তার বিবৃতিতে পুরো সিকোয়েন্সটি বর্ণনা করেছেন এবং প্রকাশ করেছেন যে, লরেন্স বিষ্ণোই গ্যাং তাকে অন্যায়ভাবে টার্গেট করেছে।

উল্লেখ্য, ১৯৯৮ সালে কৃষ্ণসার হরিণ শিকারকাণ্ডে সালমান খানের নাম জড়িয়েছিল। এর বদলা নিতে সালমানকে খুনের হুমকি দেয় লরেন্স বিষ্ণোই গোষ্ঠী। গত বছর জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ) জানিয়েছিল, জেলবন্দি গ্যাংস্টার বিষ্ণোই যে ১০ জনকে হত্যার তালিকায় রেখেছে, তাদের মধ্যে প্রথমেই রয়েছে সালমানের নাম। তারপর থেকেই সালমানকে নানা ভাবে ভয় দেখানোর চেষ্টা করেছে এই গ্যাংস্টার।

## ৩ হাজার শিশুর হার্টের অস্ত্রোপচার করিয়েছেন পলক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সংগীতের পাশাপাশি সমাজসেবামূলক কাজও করছেন ভারতের শ্রোতাপ্রিয় গায়িকা পলক মুচ্ছাল। তার উদ্যোগে এ পর্যন্ত ৩ হাজার শিশুর হার্টের অস্ত্রোপচার হয়েছে।

অস্ত্রোপচারের পর তারা সবাই সুস্থ রয়েছেন।

কয়েক দিন আগে ভারতের ইন্দোরের বাসিন্দা অলোক সাহুর হার্টের অস্ত্রোপচার হয়েছে। এটি ছিল ৩০০০ তম অস্ত্রোপচার। ৮ বছর বয়সি শিশুটির অস্ত্রোপচারের সময়ে অপারেশন থিয়েটারেও উপস্থিত ছিলেন পলক। তারই একটি ভিডিও নিজের ইনস্টাগ্রামে শেয়ার করেছেন এই সংগীতশিল্পী। ভিডিওর ক্যাপশনে পলক লেখেন, ৩ হাজার জীবন রক্ষা পেয়েছে। অলোকের সুস্থতায় দোয়া করার জন্য আপনাদেরকে ধন্যবাদ। তার অস্ত্রোপচার সফলভাবে সম্পন্ন হয়েছে এবং পুরোপুরি সুস্থ রয়েছে।

অনেক আগে থেকে পলক এই উদ্যোগ নেন। এ বিষয়ে টাইমস অব ইন্ডিয়াকে পলক বলেন, আমি যখন এই মিশন শুরু করি, তখন এটি একটি ছোট উদ্যোগ ছিল। প্রথমবার ৭ বছরের একটি শিশুর জীবন বাঁচিয়েছিলাম। এখন এটি আমার জীবনের সবচেয়ে বড় মিশনে পরিণত হয়েছে। বর্তমানে ৪১৩ জন শিশু অপেক্ষমান তালিকায় রয়েছে। পলক বলেন, যেসব শিশুর হার্টে সমস্যা। কিন্তু হার্ট সার্জারি করার মতো অর্থ তাদের বাবা-মায়ের নেই, আমি তাদের জন্য কনসার্ট করি। আমি অনুভব করি, এটি আমার দায়িত্ব। আমি সত্যি খুব আনন্দিত। কারণ কাজটি করানোর জন্য ঐশ্বর আমাকে নির্বাচন করেছেন।

## নতুন পরিচয়ে আসছেন শুভশ্রী!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টলিউডে নিজেকে আরও এক ধাপ এগিয়ে নিতেই নতুন পদক্ষেপ নিতে যাচ্ছেন শুভশ্রী গাঙগুলি। ইতোমধ্যেই ওয়েব সিরিজ ও সিনেমা প্রযোজনার অভিজ্ঞতা হয়েছে তার।

আর এবার রাজ ঘরনী নিজেই খুলতে চাচ্ছেন আলাদা প্রযোজনা সংস্থা।


স্থানীয় গণমাধ্যম জানিয়েছে, রাজের নিজস্ব প্রযোজনা সংস্থা আছে। ওই প্রযোজনা প্রতিষ্ঠানের অধীনে অভিনয়ও করেছেন শুভশ্রী। এবার অভিনেত্রী নিজেই প্রযোজনা সংস্থা শুরু করতে যাচ্ছেন।

একটি সূত্র জানিয়েছে, তাদের ঘনিষ্ঠ মহলে তিনি বিষয়টি নিয়ে নাকি মতামতও চেয়েছেন। রাজ এবং শুভশ্রী একে অপরের সঙ্গে হাত মিলিয়েই নিজ নিজ প্রযোজনা সংস্থাকে এগিয়ে নিয়ে যাবেন। এর আগে 'ইন্দুবালা ভাতের হোটেল' ওয়েব সিরিজে অভিনয় করে সমালোচকদের প্রশংসা কুড়িয়েছেন শুভশ্রী। অভিনয়ে জনপ্রিয়তা পেয়েছেন, খ্যাতি পেয়েছেন এবার প্রযোজনা সংস্থা নিয়ে কতদূর যেতে পারেন- তা দেখা এবং জানার জন্য অপেক্ষা করতে হবে শুভশ্রী ভক্তদের।

এদিকে, চলতি বছরে আগস্ট মাসে মুক্তি পাবে রাজ পরিচালিত সিনেমা 'বাবলি'। এই সিনেমাটি প্রযোজনা করেছেন শুভশ্রী গাঙ্গুলি।



## মুম্বাইয়ের রাস্তায় ১০০ শিল্পী নেচে 'হীরামান্ডি টু'র ঘোষণা দিলেন!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নেটফ্লিক্সে এই মুহূর্তের সবচেয়ে সফল এবং আলোচিত শো-গুলোর একটি সঞ্জয় লীলা ভানসালির ‘হীরামান্ডি’ এবার আসছে 'হীরামান্ডি টু'। সোমবার সেই খবরই জানালো নেটফ্লিক্স, সামাজিক মাধ্যমে নেটফ্লিক্স একটি বিশেষ ভিডিও শেয়ার করেছে। সেই ফ্ল্যাশ মব ভিডিওতে ১০০ নৃত্যশিল্পীকে আনারকলি ও ঘুঙুর পরে নাচতে দেখা গেছে মুম্বাইয়ের কার্টার রোডে। সেই ভিডিওর ক্যাপশনে লেখা হয়েছে, 'মেহফিল আবার জমবে, হীরামান্ডি টু'-যখন আসবে'। এক বিবৃতিতে সঞ্জয় লীলা ভানসালি লিখেছেন, 'যেই ভালোবাসা এবং প্রশংসা হীরামান্ডি পেয়েছে, তাতে আমি ধন্য। পুরো বিশ্বের দর্শক টেনেছে শো-টি। সেজন্য নেটফ্লিক্সের চেয়ে ভালো সঙ্গী আর হতে পারে না। আনন্দের সাথে জানাচ্ছি যে সিজন টু নিয়ে আমরা ফিরবো।' অবিভক্ত ভারতের লাহোরের ইতিহাস-সংস্কৃতির প্রেক্ষাপটে নির্মিত ওয়েব সিরিজ 'হীরামান্ডি: দ্য ডায়মন্ড বাজার'। সিরিজটিতে দেখানো হয়েছে লাহোরের এক যৌনপল্লীর গল্পের চরিত্রে তখনকার সময়ের প্রেম, বিশ্বাসঘাতকতা, উত্তরাধিকার ও রাজনীতির মতো বিষয়গুলো। পরিচালক সঞ্জয় লীলা বানসালির প্রথম ওয়েব সিরিজ এটি। আট পর্বের সিরিজটি আইএমডি রেটিংয়েও আছে ভালো অবস্থানে। 'হীরামান্ডি: দ্য ডায়মন্ড বাজার'-এ অভিনয় করেছেন সোনাক্ষী সিনহা, মনীষা কেরালা, অদিতি রাও হায়দারি, শারমিন সেগাল, ফারদিন খান, রিচা চাড্ডা এবং সানজিদা শেখ।

## জামিন পেলেন সোহম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গের অভিনেতা ও তৃণমূল বিধায়ক সোহম চক্রবর্তীর আগাম জামিনের আবেদন মঞ্জুর করেছে আদালত। কলকাতার নিউ টাউনের রেস্তোরাঁ মালিককে মারধরের ঘটনায় বারাসত আদালতে গিয়ে আত্মসমর্পণ করেছিলেন সোহম। আগাম জামিনের আবেদনও করেছিলেন। আদালত দুই হাজার টাকার ব্যক্তিগত বন্ডে তার আগাম জামিন মঞ্জুর করেছে।

রেস্তোরাঁ মালিককে মারধর করার কথা আগে স্বীকার করে নিয়েছিলেন সোহম। কিন্তু তার বিরুদ্ধে রেস্তোরাঁ মালিক আনিসুল আলম গতকাল বুধবার কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হন। তার অভিযোগ, পুলিশ কোনো পদক্ষেপ গ্রহণ করছে না। মামলা দায়েরের অনুমতি দেন বিচারপতি অমৃতা সিংহ। মামলার শুনানির সম্ভাবনা শুক্রবার। তার আগে বৃহস্পতিবারই বারাসাত আদালতে আগাম জামিনের আবেদন জানান সোহম। নিজে আদালতে গিয়ে আত্মসমর্পণ করেন। বিতর্কের সূত্রপাত গত শুক্রবার নিউ টাউনের রেস্তোরাঁয়। সেখানকার একটি ফ্লোরে শুটিং করছিলেন সোহম। সেই সময়ই রেস্তোরাঁর সামনে শুটিং ইউনিটের গাড়ি রাখা নিয়ে অভিনেতার নিরাপত্তারক্ষীদের সঙ্গে বচসা বাঁধে ওই রেস্তোরাঁর মালিক আনিসুলের। তার অভিযোগ, একটি পার্কিং খালি করতে বললে সোহমের নিরাপত্তারক্ষীরা তার উপর চড়াও হন। আরও অভিযোগ, এর পর সোহমও তাকে মারধর করেন। তাকে ঘুষি মারা হয়। এমনকি, সোহম তাকে সজোরে লাথি মারেন বলেও অভিযোগ আনিসুলের।

রেস্তোরাঁর মালিককে মারধরের কথা স্বীকার করে নেন সোহম। তিনি জানিয়েছিলেন, ওই রেস্তোরাঁর মালিক তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জিকে উদ্দেশ্য করে কটূকথা বলছিলেন। সেই কারণেই তিনি তাকে মারধর করেছেন। রেস্তোরাঁয় মারধরের সিসিটিভি ফুটেজও প্রকাশ্যে এসেছে। তাতে সোহমকে মারধর করতে দেখা যায়। আনিসুলের অভিযোগ, পুলিশে অভিযোগ দায়ের সত্ত্বেও সোহমের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা হয়নি। তার আইনজীবী আদালতে জানান, অভিনেতা তাকে এবং তার পরিবারকে হুমকি পর্যন্ত দিচ্ছেন। বিষয়টি নিয়ে জলঘোলা হলে সোহম অবশ্য ক্ষমা চেয়ে নেন। তবে রেস্তোরাঁ মালিক আদালতের দ্বারস্থ হয়েছেন। শুক্রবার হাইকোর্টে সেই মামলার শুনানি হওয়ার আগেই নিম্ন আদালত থেকে আগাম জামিন পেলেন সোহম।

# পুনর্বিবেচনার ডাক তামিম-মরকেল-ওয়াকারদের, কোন নিয়মে এমন নিয়ম?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** 'নিয়ম তো... আইসিসি কী করেছে, এটা তো আমার হাতে নেই'- কিছুটা অসহায় কণ্ঠেই বললেন তাওহীদ হৃদয়। আম্পায়ারের একটি ভুল সিদ্ধান্তে ৪ রান কাটা পড়ায় ম্যাচ হেরে যাওয়ার পর, নিয়মটি কি অন্যায্য কিনা সে প্রশ্ন রাখা হয়েছিল হৃদয়ের কাছে। তরুণ ব্যাটসম্যান নিয়মের গভীরে যাননি তবে ক্রিকেট মহলে ওই সিদ্ধান্ত নিয়ে আলোচনা তুঙ্গে। বাংলাদেশের সাবেক অধিনায়ক তামিম ইকবাল, দক্ষিণ আফ্রিকার সাবেক পেসার মরনে মরকেল, পাকিস্তানের সাবেক অধিনায়ক ওয়াকার ইউনিসসহ আরও অনেকের মতে, আইসিসির উচিত নিয়মে পরিবর্তন আনা। কারণ আরও গুরুত্বপূর্ণ সময়ে দেখা যেতে পারে এর নেতিবাচক প্রভাব।

ঘটনা বাংলাদেশের ইনিংসের সপ্তদশ ওভারে। ওটনিল বার্টম্যানের করা তৃতীয় বলটি ছিল লেগ স্টাম্পের বাইরের ফুল টস ডেলিভারি। অন সাইডে খেলার চেষ্টায় ব্যাটে লাগাতে পারেননি মাহমুদউল্লাহ। বল তার প্যাডে ছোবল দিয়ে ফাইন লেগ দিয়ে চলে যায় সীমানার বাইরে। তবে এর আগেই প্রোটিয়াদের আধো আধো আবেদনে আঙুল তুলে দেন আম্পায়ার। রিভিউ নিতে দেরি করেননি মাহমুদউল্লাহ। রিপ্লেতে দেখা যায়, লেগ স্টাম্পের বাইরে দিয়ে চলে যেত ওই বল। ফলে বদলে যায় মাঠের আম্পায়ারের সিদ্ধান্ত। কিন্তু স্কোরবোর্ডে যোগ হয়নি ওই বাউন্ডারি। কারণ নিয়ম অনুযায়ী, আম্পায়ার আউট দেওয়া মাত্রই 'ডেড' হয়ে যায় বল এবং সেই সিদ্ধান্ত রিভিউয়ে বদলে গেলেও কোনো রান যোগ হয় না। তখন ওই চার রান পেলে বাংলাদেশের বাকি থাকত ২২ বলে ২২ রান। কিন্তু চার না পাওয়ায় তা হয়ে যায় ২২ বলে ২৬। তখনও ৬ উইকেট বাকি রেখে, উইকেটে দুই সেট ব্যাটসম্যান থাকা অবস্থায় ম্যাচের নিয়ন্ত্রণ ছিল বাংলাদেশের হাতে। কিন্তু নাটকীয়ভাবে শেষ পর্যন্ত ওই ৪ রানেই হেরে যায় বাংলাদেশ।

ম্যাচ শেষে তাই আলোচনার তুঙ্গে আম্পায়ারের ওই সিদ্ধান্ত ও বাংলাদেশের স্কোরবোর্ডে যোগ না হওয়া ৪ রান। ক্রিকেট ওয়েবসাইট ইএসপিএন ক্রিকইনফোর এক আয়োজনে তামিম বলেন, আইসিসি চাইলেই এই নিয়মের পরিবর্তন করে বিতর্ক এড়াতে পারে, ওআমি মনে করি, আপনার হাতে তো সময় আছে। আপনি ২ সেকেন্ড অপেক্ষা করে দেখতে পারেন বল কোথায় যাচ্ছে। বাউন্ডারি হলো কি হলো না সেটি দেখেও আপনি সিদ্ধান্ত জানাতে পারেন। অন্য যা-ই হোক, ব্যাটসম্যান যদি নট আউট থাকে, তাহলে ওই বলে রান দেওয়া উচিত। ওই ৪ রান দিলে বাংলাদেশের ভাগ্য বদলে যেতে পারত। আমি হয়তো সমর্থকদের মতো বলছি। তবে চিন্তা করলে এই ৪ রান খুব খুব গুরুত্বপূর্ণ হতে পারত। ধারাভাষ্যেও সবাই এটি নিয়ে কথা বলছিল। আমি মনে করি, আইসিসি এটির ব্যাপারে ভেবে দেখতে পারে। চাইলে এটি এড়ানো সম্ভব। এমন না যে খুব বড় কোনো পরিবর্তন তাদের করতে হবে।' একই আলোচনায় থাকা সাবেক দক্ষিণ আফ্রিকান ফাস্ট বোলার মরকেলেরও ভাবনা অভিন্ন, 'আমিও (তামিমের সঙ্গে) একমত। এমনটা হলে ফিল্ডাররাও বাউন্ডারি বা এক-দুই রান ঠেকাতে চেষ্টা করবে। অবশ্যই খেলাটির খাতিরে কিছু একটা পরিবর্তন প্রয়োজন। আশা করি, বিশ্বকাপের পরে এটি নিয়ে ভাবা হবে।'

এই বিষয়ে ক্রিকেট ওয়েবসাইট ক্রিকবাজের ম্যাচ পরবর্তী আয়োজনে বিশদ আলোচনা করেন নিউজিল্যান্ডের সাবেক অলরাউন্ডার ও প্রখ্যাত ধারাভাষ্যকার সাইমন ডুল। বিশ্বকাপের ফাইনাল ম্যাচসহ আরও গুরুত্বপূর্ণ সময়ে এই নিয়মের কারণে কোনো দলের ক্ষতি হওয়ার আগেই এটি পুনর্বিবেচনার ডাক দেন তিনি, 'একবার কল্পনা করুন, ফাইনাল ম্যাচে এমন কিছু হলো এবং ভারত এর ভুক্তভোগী। আমি জানি পুরো খেলার নিয়ম বদলানো কঠিন তবে কিছু একটা পরিবর্তন দরকার। কারণ এটি সাংঘাতিক ভুল ছিল, খুব বাজে সিদ্ধান্ত ছিল। ওই বল কখনও স্টাম্পে লাগত না এবং আম্পায়ার খুব দ্রুত আঙুল তুলে দিয়েছিলেন অনেকটা বন্দুকের ট্রিগারের মতো। এটি খুব বাজে সিদ্ধান্ত ছিল। টুর্নামেন্টজুড়ে অনেক ভালো সিদ্ধান্ত দেখা গেছে কিন্তু এটি তা নয়। এর ফল হওয়া উচিত ছিল লেগ বাই থেকে ৪ রান। তা হয়নি। ধরুন বিশ্বকাপের শেষ বলে এমন হলো এবং একটি দল এমন বাজে সিদ্ধান্তের কারণে হেরে গেল। এই ব্যাপারে কিছু একটা পরিবর্তন জরুরি। কারণ এটি ভাবনার চেয়ে বেশিই হচ্ছে। প্রতিবার টুর্নামেন্ট শুরুর আগে আমি এই প্রশ্ন তুললে তাদের (আইসিসি) ভাবটা এমন থাকে, "আমরা এই বিষয়ে কিছুই করতে পারব না। খেলার গুরুত্বপূর্ণ সময়ে এমন কিছু হবে না।' কিন্তু এটি এখন গুরুত্বপূর্ণ। সামনেও আরও হবে। আমি জানি না, তারা কীভাবে পরিবর্তন করবে। আমার কাছেও পুরোপুরি সমাধান নেই। তবে এই বিষয়ে কিছু একটা করতে হবে কারণ এখন এটি ম্যাচের ফলাফলে প্রভাব রাখছে।"

ম্যাচ শেষ হওয়ার পর থেকে সামাজিক মাধ্যমেও আম্পায়ারের ওই সিদ্ধান্ত নিয়ে চলছে নানান আলোচনা। পাকিস্তানের সাবেক পেসার ওয়াকার তো বাংলাদেশের হারের পেছনে সরাসরি ওই সিদ্ধান্তের দায়ই দিলেন, ওএলবিডব্লিউয়ে ডেড বলের বিতর্কিত নিয়ম নিয়ে পুনরায় ভাবা উচিত। এর কারণে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে একটি ছোট রানের থ্রিলার ম্যাচ হেরে গেল বাংলাদেশ।'

**কি বলছে আইসিসি**

আসলে আম্পায়ারের সিদ্ধান্ত দেওয়ার সময়েই বল ডেড হয়ে যায় না। এর আগেই হয়, সেটা কখন? এমসিসির আইনের ২০.১.১.৩ ধারায় লেখা আছে- আউটের সিদ্ধান্ত যে ঘটনার কারণে হয়, ওই ঘটনার তাৎক্ষণিক মুহূর্তেই বল ডেড হয়ে যায়। মাহমুদউল্লাহর ক্ষেত্রে যেমন- যখনই বল তার পায়ে লেগেছে, তখনই বল ডেড হয়ে গেছে। কারণ ওই বল পায়ে লাগার মুহূর্তের কারণেই তাকে আম্পায়ার আউট দিয়েছেন। সেটা পাঁচ সেকেন্ড দেরিতে দেওয়া হোক কিংবা দশ সেকেন্ড, সিদ্ধান্তের সময়ের উপর নির্ভর করছে না কখন ডেড হবে। মাহমুদউল্লাহর বেলায় তাই বল বাউন্ডারি পেরিয়ে যাওয়ার পরও যদি আম্পায়ার আউটের সিদ্ধান্ত দিতেন, তবুও বাংলাদেশ রান পেত না।

# অলিম্পিকের স্মৃতিগুলো
## কখনও ভুলব না: মেসি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্যারিস অলিম্পিকে আর্জেন্টিনার জার্সিতে লিওনেল মেসিকে দেখা যাবে কি না তা নিয়ে জল্পনা-কল্পনার শেষ নেই। সেই গুঞ্জন আরও জোরাল হয় আর্জেন্টিনা অলিম্পিক দলের কোচ হাভিয়ের মাশ্চেরানোর কথার সুর ধরে। অলিম্পিকে তিনি চান মেসিকে। তবে জল্পনা-কল্পনার পর মেসি নিজেই জানালেন, অলিম্পিকে খেলার মতো বয়স আর নেই তার।

আগামী ২০ জুন যুক্তরাষ্ট্রে শুরু হচ্ছে কোপা আমেরিকা। এই টুর্নামেন্টের জন্য এখন প্রস্তুত হচ্ছেন মেসি। এরমধ্যে তাকে কথা বলতে হয়েছে অলিম্পিক নিয়েও।

আর্জেন্টাইন তারকার বয়স এখন ৩৬। মূলত বয়সের কারণেই অলিম্পিকে না খেলার সিদ্ধান্ত নিয়েছেন তিনি, 'মাশ্চেরানোর সঙ্গে কথা বলেছি এবং সত্যি হচ্ছে আমরা দুইজনই পরিস্থিতি বুঝতে পেরেছি। এই মুহূর্তে অলিম্পিক নিয়ে ভাবা কঠিন কাজ, কারণ আমরা এখন কোপা আমেরিকা নিয়ে ভাবছি। এটা হলে দুই বা তিন মাস ক্লাব থেকে বিচ্ছিন্ন থাকব।

আর সবার উপরে আমার বয়স। এখন যে অবস্থায় আছি এমন না যে, সব কিছুতে থাকতে পারব।'

কোপা আমেরিকার পরই ক্লাব ফুটবলে ব্যস্ত হয়ে যাবেন মেসি। তাই টানা দু'টি টুর্নামেন্ট না খেলে আপাতত কোপা আমেরিকা নিয়েই ভাবছেন মেসি, 'আমাকে সতর্কতার সঙ্গে বেছে নিতে হবে। টানা দু'টি টুর্নামেন্টে খেলা খুব কঠিন হবে। অলিম্পিকে খেলতে পারা ও জেতা আমার জন্য সৌভাগ্যের হবে। ফুটবলের দিক থেকে এটা অসাধারণ অভিজ্ঞতা হবে। অলিম্পিক, অনূর্ধ্ব-২০, এই স্মৃতিগুলো আমি কখনও ভুলব না।'

এর আগে একবার অলিম্পিকে স্বর্ণ জয়ের সৌভাগ্য হয়েছে মেসির। ২০০৮ সালে বেইজিং অলিম্পিকে ফাইনালে নাইজেরিয়াকে হারিয়ে উৎসব করেছিল আর্জেন্টিনা। আগামী জুলাই-আগস্টে হবে প্যারিস অলিম্পিকের ফুটবল।

# ইউরো শেষ ডি ইয়ংয়ের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রীতি ম্যাচে আইসল্যান্ডকে উড়িয়ে ইউরো চ্যাম্পিয়নশিপের প্রস্তুতি সেরেছে নেদারল্যান্ডস। কিন্তু একই দিন একটা দুঃসংবাদও এসেছে ডাচদের জন্য। চোটের কারণে ইউরোয় খেলার স্বপ্ন এ যাত্রায় শেষ হয়ে গেছে দলটির তারকা মিডফিল্ডার ফ্রেংকি ডি ইয়ংয়ের।

চোট সঙ্গী করেই ইউরোর ডাচ দলে ছিলেন ডি ইয়াং। আশা ছিল আসর সময়মত সেরে উঠবেন। কিন্তু সোমবার চিকিৎসকরা জানান, যথা সময়ে বার্সেলোনা মিডফিল্ডারের সেরে ওঠার কোনো সম্ভাবনা নেই।

এই দিনই আইসল্যান্ডকে ৪-০ গোলে উড়িয়ে ইউরোর শেষ প্রস্তুতি সেরে নেয় ডাচরা।

অ্যাঙ্কেলে একের পর এক চোট মৌসুম জুড়ে ভোগাচ্ছে ডি ইয়ংকে। এক সপ্তাহ একা অনুশীলন করার পর গত রোববার প্রথমবারের মতো চেষ্টা করেন দলীয় অনুশীলনের। ম্যাচ খেলার মতো পর্যায়ে যেতে আরও অনেক দিন অপেক্ষা করতে হবে তাকে। পরবর্তী পুনর্বাসনের জন্য বার্সেলোনায় ফিরে যাবেন তিনি।

আইসল্যান্ডের বিপক্ষে ম্যাচ শেষে ডি ইয়ংয়ের ছিটকে যাওয়ার খবর প্রকাশ করা হয়। কোচ কুমান জানান, এর কয়েক ঘণ্টা আগেই এই খবর জানার পর খেলোয়াড়দের জানিয়েছিলেন তিনি।

"পরীক্ষায় দেখা গেছে, সে এখনও ওই কাজগুলো করতে পারে না, যেগুলো তার করতে পারা উচিত। প্রতিবার অনুশীলনের পর তার অ্যাঙ্কেলে সমস্যা হয়। এতে এই উপসংহারে পৌঁছানো যায় যে, আগামী তিন সপ্তাহে সে শতভাগ ফিট থাকবে না। আমি আগে থেকেই বুঝেছিলাম (ডি গ্রুপের প্রথম ম্যাচে) পোল্যান্ডের বিপক্ষে তার খেলা কঠিন হবে।"

ইউরো থেকে ছিটকে যাওয়ার পর সামাজিক মাধ্যমে হতাশা প্রকাশ করেছেন ২৬ বছর বয়সী ডি ইয়ং।

"ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে থাকতে না পারায় আমি বিষণ্ণ ও হতাশ। আমাদের পক্ষে যা করা সম্ভব, সবই আমরা সাম্প্রতিক সপ্তাহগুলোতে করেছি। দুর্ভাগ্যজনকভাবে আমার অ্যাঙ্কেলের আরও সময় প্রয়োজন।"

"কোনো টুর্নামেন্টের চূড়ান্ত পর্যায়ে দেশের প্রতিনিধিত্ব করা, কমলা জার্সি পরা, জাতীয় সঙ্গীত গাওয়া এবং পুরো দেশের সমর্থন অনুভব করা স্বপ্ন ও সর্বোচ্চ সম্মানের। কিন্তু এখন, আর সব অরেঞ্জ আর্মির মতো পার্শ্বরেখা থেকে দলের জন্য উল্লাস করব। এগিয়ে যাও ছেলেরা।"

বার্সার কিংবদন্তি ডিফেন্ডার ও সাবেক কোচের মতে, স্প্যানিশ ক্লাবটি ঠিকঠাক যত্ন নেয়নি ডি ইয়াংয়ের। এনওএসকে দেওয়া প্রতিক্রিয়ায় বার্সেলোনার ওপর ক্ষোভ ঝাড়েন কুমান।

"তারা (বার্সেলোনা) ফ্রেংকির ব্যাপারে ঝুঁকি নিয়েছে এখন আমরা এর ধাক্কা সইছি।"

এবারের ইউরোয় নিজেদের প্রথম ম্যাচ আগামী রোববার পোল্যান্ডের বিপক্ষে খেলবে ডাচরা। 'ডি' গ্রুপে তাদের অন্য দুই প্রতিপক্ষ ফ্রান্স ও অস্ট্রিয়া।

# দক্ষিণ আফ্রিকা-যুক্তরাষ্ট্রের ম্যাচ দিয়ে
## বুধবার শুরু সুপার এইট পর্ব



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামীকাল বুধবার দক্ষিণ আফ্রিকা-যুক্তরাষ্ট্রের ম্যাচ দিয়ে শুরু হচ্ছে টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসরের সুপার এইট পর্ব। জয় দিয়ে সুপার এইট শুরু করার লক্ষ্য স্বাগতিক যুক্তরাষ্ট্র ও দক্ষিণ আফ্রিকার।

অ্যান্টিগার স্যার ভিভিয়ান রিচার্ডস স্টেডিয়ামে বুধবার বাংলাদেশ সময় সাড়ে ৮টায় শুরু হবে দক্ষিণ আফ্রিকা-যুক্তরাষ্ট্রের ম্যাচটি। আন্তর্জাতিক ক্রিকেটে এই প্রথবারের মতো মুখোমুখি হবে দু'দল।

স্বাগতিক হিসেবে এবারের বিশ্বকাপে প্রথম খেলতে নেমেই চমক দেখিয়েছে যুক্তরাষ্ট্র। কানাডাকে হারিয়ে বিশ্বকাপ শুরু করে স্বাগতিকরা। এরপর সুপার ওভারে শক্তিশালী পাকিস্তানের বিপক্ষে জয় তুলে নিয়ে বিশ্বকে চমকে দেয় যুক্তরাষ্ট্র। নিজেদের তৃতীয় ম্যাচে ভারতের কাছে হারলেও গ্রুপ পর্বের শেষ ম্যাচে আয়ারল্যান্ডের সাথে ম্যাচটি বৃষ্টির কারণে পরিত্যক্ত হলে সুপার এইট নিশ্চিত হয় যুক্তরাষ্ট্রের।

৪ ম্যাচে ২ জয় ও ১টি করে হার-পরিত্যক্ত ম্যাচের কারণে ৫ পয়েন্ট নিয়ে টেবিলের দ্বিতীয়স্থানে থেকে 'এ' গ্রুপের রানার্স-আপ হয়ে সুপার এইটে জায়গা করে নেয় যুক্তরাষ্ট্র। সুপার এইটে গ্রুপ-২এ ইংল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ ও দক্ষিণ আফ্রিকার বিপক্ষে খেলবে যুক্তরাষ্ট্র। সেই সুবাদে সুপার এইটে নিজেদের প্রথম ম্যাচে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে জয়ই প্রধান লক্ষ্য যুক্তরাষ্ট্রের। দলের অধিনায়ক মোনাঙ্ক প্যাটেল বলেন, ওগ্রুপ পর্বে আমরা যেমন ক্রিকেট খেলেছি, সুপার এইটেও সেভাবেই খেলব। দক্ষিণ আফ্রিকার বিপক্ষে জয় দিয়ে দ্বিতীয় রাউন্ডে যাত্রা শুরু করতে চাই৹ অপরদিকে, 'ডি' গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে সুপার এইটে নাম লেখায় দক্ষিণ আফ্রিকা। গ্রুপ পর্বে ৪ ম্যাচ থেকে পূর্ণ ৮ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষে ছিল প্রোটিয়ারা। বাংলাদেশ, শ্রীলংকা, নেদারল্যান্ডস ও নেপালকে হারিয়েছিল দক্ষিণ আফ্রিকা।

গ্রুপ পর্বের সাফল্য সুপার এইটেও ধরে রাখতে চায় দক্ষিণ আফ্রিকা। দলের অধিনায়ক আইডেন মার্করাম বলেন, 'গ্রুপ পর্বে দল হিসেবে আমরা ভালো খেলেছি। সুপার এইটে আরও ভালো ক্রিকেট খেলতে চাই।'

# প্যারিস অলিম্পিকে খেলবেন না মেসি,
## কারণ জানালেন নিজেই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আর্জেন্টিনার হয়ে যেন সব পাওয়ার সময় চলছে লিওনেল মেসির। এমন সুসময়ে ফুটবলের মহানায়ক কি আরেকবার তার জাদুকরী ফুটবলে মাতাবেন অলিম্পিক? অনেকেই আশায় ছিলেন, হাভিয়ের মাসচেরানোর দলে থাকবেন মেসি। তবে তিনি নিজেই জানিয়ে দিলেন, খেলবেন না প্যারিস অলিম্পিকে। প্রতিটি টুর্নামেন্টে খেলার মতো বয়সী এখন আর তিনি নন।

আর্জেন্টিনার হয়ে কোপা আমেরিকার শিরোপা ধরে রাখার অভিযানে নামার জন্য প্রস্তুত হচ্ছেন মেসি। লাতিন আমেরিকার ফুটবল শ্রেষ্ঠত্বের প্রতিযোগিতা চলবে ২০ জুন থেকে ১৪ জুলাই।

অলিম্পিকে মেসির খেলার সম্ভাবনা নিয়ে চর্চা বাড়ে মাসচেরানোর কথার সূত্র ধরে। গত ফেব্রুয়ারিতে আর্জেন্টিনা অনূর্ধ্ব-২৩ দলের কোচ বলেন, ২০০৮ বেইজিং অলিম্পিকের সোনাজয়ী মেসির জন্য প্যারিস অলিম্পিকের দুয়ার খোলা। ইএসপিএনকে আর্জেন্টিনা অধিনায়ক জানান, এই পর্যায়ে ওই আমন্ত্রণ গ্রহণ করা তার পক্ষে সম্ভব না।

মেসি বলেন, "মাসচেরানোর সঙ্গে কথা বলেছি এবং সত্যি হচ্ছে আমরা দুইজনই পরিস্থিতি বুঝতে পেরেছি। এটা কঠিন (এই মুহূর্তে অলিম্পিক নিয়ে ভাবা), কারণ আমরা এখন কোপা আমেরিকা নিয়ে ভাবছি। এটা হলে দুই বা তিন মাস ক্লাব থেকে বিচ্ছিন্ন থাকব। আর সবার উপরে আমার বয়স এমন না যে, সব কিছুতে থাকতে পারব।"

মেসি আরও জানান, "আমাকে সতর্কতার সঙ্গে বেছে নিতে হবে। টানা দুটি টুর্নামেন্টে খেলা খুব কঠিন হবে। অলিম্পিকে খেলতে পারা আর (মাসচেরানোর সঙ্গে) জেতা আমার জন্য সৌভাগ্যের হবে। ফুটবলের দিক থেকে এটা অসাধারণ অভিজ্ঞতা হবে। অলিম্পিকস, অনূর্ধ্ব-২০, এই স্মৃতিগুলো আমি কখনও ভুলব না।"

অলিম্পিকে পুরুষ ফুটবল হবে জুলাই ও অগাস্টে। দলগুলো বেশি বয়সের সর্বোচ্চ তিনজন করে খেলোয়াড় নিতে পারবে।

# কোহলির ওপর আস্থা রাখতে বললেন গাভাস্কার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ব্যাট হাতে রানের ফোয়ারা ছুটিয়েছেন আইপিএলে। কিন্তু টি-টোয়েন্টি বিশ্বকাপে এসেই যেন বদলে গেলেন বিরাট কোহলি।

গ্রুপ পর্বে তিন ম্যাচের একটিতেও জ্বলে উঠতে পারেননি। গতকাল যুক্তরাষ্ট্রের বিপক্ষে আউট হন গোল্ডেন ডাক মেরে।

এমন ফর্মে থেকে আসার পরও কোহলির হলোটা কী, সেই উত্তর খুঁজছেন ভক্তরা। তবে তার ওপর আস্থা রাখতে বললেন কিংবদন্তি সুনীল গাভাস্কার।

স্টার স্পোর্টসের সঙ্গে আলাপে গাভাস্কার বলেন,ওযে কোনো খেলোয়াড়ের জন্য সবচেয়ে বড় অনুপ্রেরণা হল দেশের হয়ে ম্যাচ জেতা। কোহলি গত কয়েক বছর ধরে ভারতের হয়ে অসাধারণ পারফর্ম করেছে এবং তারাও এটির স্বীকৃতি দেবে। বর্তমানে আমরা লিগ পর্বে আছি, এরপর সুপার এইট, সেমিফাইনাল এবং আশা করি ফাইনালেও উঠব। তাদের শুধু এই বিষয়ে নিজেদের ওপর বিশ্বাস রাখতে হবে। যা তাদের প্রচুর পরিমাণে রয়েছে।'

তিনি আরো বলেন, 'তিনটি ম্যাচে কম রান করেছে মানে এই নয় যে, সে ভালো ব্যাটিং করছে না। কখনো কখনো আপনি ভালো ডেলিভারিতে আউট হন। অন্য যে কোনো দিন, বল বাউন্ডারির জন্য ওয়াইড বা স্লিপের ওপরে চলে যেত, আজ তা হয়নি। তাই চিন্তার কিছু নেই। আমাদের তার প্রতি আস্থা রাখতে হবে...বিশ্বাস করতে হবে যে সে ভালো করবে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR